

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.০৭২.২০১৭-৩৫১৬৩


তারিখ : ১৩/১/১৭

বিষয় : রীট পিটিশন নং-২১৬৯/২০১৭, বাদী জনাব মোঃ মঈন উদ্দীন গাজী ইলিয়াস, পিতা-মৃত, আলহাজ্ব নাসির উদ্দীন গাজী, গ্রাম- ধুমঘাট, থানা- শ্যামনগর, জেলা- সাতক্ষীরা -বনাম-সরকার ও অন্যান্য।

সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার ধুমঘাট মৌজার বিভিন্ন দাগের ভূমি নিয়ে সৃষ্ট বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে ইশ্বরীপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (৬নং বিবাদী) কর্তৃক জারীকৃত নোটিশকে চ্যালেঞ্জ করে বাদী কর্তৃক রীট আবেদনটি দায়ের করা হয়েছে। মামলায় সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, জেলা প্রশাসক, সাতক্ষীরা, উপজেলা নির্বাহী অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা এবং সহকারী কমিশনার (ভূমি) শ্যামনগর, সাতক্ষীরাকে বিবাদী শ্রেণীভুক্ত করা হয়েছে। মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ ইউপি চেয়ারম্যান ইশ্বরীপুর কর্তৃক জারীকৃত নোটিশের কার্যকারিতা ০৩(তিন) মাসের জন্য স্থগিত করত; রুল ইস্যু পূর্বক জবাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি :

  
(মোহাম্মদ শফিকুল আরিফ)  
উপসচিব (আইন-১)  
ফোন-৯৫৪০৯৯৫।

জেলা প্রশাসক  
সাতক্ষীরা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপসচিব (ইপ-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।